

পরীক্ষা বিভাগ

EXAMINATION DIVISION



বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়

BANGLADESH OPEN UNIVERSITY

বাউবি/পরীক্ষা/এমবিএ(বাংলা মাধ্যম)/৬৩৫/২০১৯/ ৪৮২৯

তারিখ : ১৩ ফাল্গুন ১৪৩২ বঙ্গাব্দ
২৬ ফেব্রুয়ারি ২০২৬ খ্রিস্টাব্দ

আঞ্চলিক পরিচালক

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়

আঞ্চলিক কেন্দ্র (সকল)।

বিষয় : বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় পরিচালিত এমবিএ (বাংলা মাধ্যম) প্রোগ্রামের ২৪২ এবং ২৫১ টার্ম পরীক্ষায় অংশগ্রহণের জন্য পুনঃপরীক্ষা ফি জমাদান প্রসঙ্গে।

জনাব

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় পরিচালিত এমবিএ (বাংলা মাধ্যম) প্রোগ্রামের ২৩২ এবং ২৪১ টার্ম পরীক্ষার সংশোধিত ফলাফল প্রকাশিত হয়েছে। যে সকল শিক্ষার্থী অকৃতকার্য হয়েছেন তারা ২৪২ টার্ম (১ম, ২য় এবং ৪র্থ সিমেন্টার) এবং ২৫১ টার্ম (৩য় সিমেন্টার) পরীক্ষায় পুনঃঅংশগ্রহণ করতে ইচ্ছুক তাদেরকে প্রতি কোর্সের জন্য ৫০০/- (পাঁচশত) টাকা হারে পুনঃপরীক্ষা ফি প্রদানপূর্বক আগামী ০৩/০৩/২০২৬ খ্রি: তারিখের মধ্যে বাউবির ওয়েব সাইট exam.bou.ac.bd-এ Login করে পুনঃপরীক্ষার আবেদন করতে হবে। পুনঃপরীক্ষা অংশগ্রহণের আবেদন করার জন্য শিক্ষার্থীদের নিম্নোক্ত বিষয়গুলো অনুসরণ করতে হবে :

- ১ম, ২য় এবং ৪র্থ সিমেন্টারের কোর্স/কোর্সসমূহের পুনঃপরীক্ষা ২৪২ টার্মে অনুষ্ঠিত হবে। তাই যে সকল শিক্ষার্থী ১ম, ২য় এবং ৪র্থ সিমেন্টারের কোর্স/কোর্সসমূহের পরীক্ষায় পুনঃঅংশগ্রহণ করতে ইচ্ছুক তারা ২৪২ টার্মে পুনঃপরীক্ষা ফি জমা দিয়ে আবেদন করবেন ;
- ৩য় সিমেন্টারের কোর্স/কোর্সসমূহের পুনঃপরীক্ষায় অংশগ্রহণের জন্য ২৫১ টার্মে পুনঃপরীক্ষা ফি জমা দিয়ে আবেদন করবেন ;

পুনঃপরীক্ষা ফি জমাদানের প্রমাণক (**Transaction ID**) শিক্ষার্থী নিজে সংরক্ষণ করবেন। নির্ধারিত তারিখের পর কোন আবেদন গ্রহণ করা হবে না।

বিষয়টি আপনার আঞ্চলিক কেন্দ্রাধীন সকল উপ-আঞ্চলিক কেন্দ্র, স্টাডি সেন্টার ও সংশ্লিষ্ট শিক্ষার্থীদের অবহিত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হ'ল।

ধন্যবাদসহ।

মোঃ হাবিবুল্লাহ মাহামুদ
পরীক্ষা নিয়ন্ত্রক (ভারপ্রাপ্ত)
বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়

অবগতি ও কার্যার্থে অনুলিপি :

০১. ডীন, ওপেন স্কুল, বাউবি।
০২. পরিচালক, এসএসএস বিভাগ, বাউবি।
০৩. পরিচালক, কম্পিউটার বিভাগ, বাউবি-প্রতটি বাউবির ওয়েব সাইটে প্রদর্শনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হ'ল।
০৪. একান্ত সচিব, উপাচার্যের দপ্তর, বাউবি (উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য)।
০৫. একান্ত সচিব, প্রো-উপাচার্য (শিক্ষা) এর দপ্তর, বাউবি (প্রো-উপাচার্য (শিক্ষা) মহোদয়ের সদয় অবগতির জন্য)।
০৬. সংরক্ষণ নথি।

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
কম্পিউটার বিভাগ
সিস্টেম ম্যানেজার/পরিচালক এর কার্যালয়
ডায়েরী নং..... ৩৭৪
তারিখঃ..... ২/৩/২৬
সিস্টেম এনালিস্ট/ডেপুটি সিস্টেম এনালিস্ট/ওয়েব মাস্টার/
হিসাব প্রোগ্রামার/ASANA
সিস্টেম এনালিস্ট/হার্ডওয়্যার ইঞ্জিনিয়ার/HM
সিস্টেম এনালিস্ট/কারী প্রোগ্রামার/AHME